# Times Today BD

আলমগীর হান্নান | দেশজুড়ে | 27 June, 2025

জামালপুরে প্রবেশপত্র না পাওয়ায় এইচএসসি পরীক্ষা দেয়া হয়নি ১৭ শিক্ষার্থীর। বেশ কয়েকটি গনমাধ্যমে এমন সংবাদ প্রচার হলে বিষয়টি নজরে আসে কর্তৃপক্ষের।

আজ শুক্রবার সকাল থেকে ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ৬ সদস্যের একটি দল  জামালপুরের প্রশান্তি স্কুল এন্ড কলেজে গিয়ে বিষয়টি তদন্ত করে। এসময় জেলা ও উপজেলা শিক্ষা কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

তদন্ত শেষে ময়মনসিংহ মাধ্যমিক ও  উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ডেপুটি কন্ট্রোলার ড. কামাল হাসান জানান- অনুমোদন ছাড়াই দীর্ঘদিন যাবত  মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগে পাঠদান করে আসছিলো  প্রশান্তি স্কুল ও কলেজ। তাই আজ থেকে প্রতিষ্ঠানটির প্রাথমিক ছাড়া মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগের কার্যক্রম বন্ধের নির্দেশ হয়েছে। এছাড়াও  অভিযোগের সত্যতার পাওয়ায় প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন ও ১৭ শিক্ষার্থীর  পরীক্ষার বিষয়ে বোর্ড সিদ্ধান্ত নিবে বলে জানান তিনি।

এইচএসসি পরীক্ষা এইচএসসি ময়মনসিংহ শিক্ষা বোর্ড জামালপুর প্রশান্তি স্কুল এন্ড কলেজ জামালপুর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:54

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758073801